*Send an email with the following subject line and body text to help inform New Yorkers about renewing their coverage.*

---

Subject line: প্রস্তুত থাকুন: স্বাস্থ্য বিমায় গুরুত্বপূর্ণ পরিবর্তন আসছে

Preview text: আপনি যাতে আপনার পুনর্নবীকরণ চিঠি পান সেইজন্য নিশ্চিত করুন যে আপনার ঠিকানাটি আপ টু ডেট আছে।

Email body text:

আপনার বা আপনার পরিবারের কোনো সদস্যের কি New York State Medicaid, Child Health Plus অথবা Essential Plan এর স্বাস্থ্যবিমা আছে? 2023 এর বসন্তকাল থেকে, New York State এই প্রোগ্রামগুলিতে নথিভুক্ত ব্যক্তিদের যোগ্যতা পর্যালোচনা এবং পুনর্নবীকরণ করা পুনরায় শুরু করবে। এর মানে হল আপনার স্বাস্থ্যবিমা বা আপনার পরিবারের সদস্যদের বিমা পুনর্নবীকরণ করার জন্য আপনাকে পদক্ষেপ নিতে হতে পারে।

আপনার স্বাস্থ্যবিমা পুনর্নবীকরণ করার সময় হলে, আপনি NY State of Health এর থেকে একটি চিঠি পাবেন বা আপনি যদি আপনার কাউন্টির স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ বা নিউ ইয়র্ক সিটি হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশনের মাধ্যমে নথিভুক্ত হয়ে থাকেন তাহলে আপনি একটি পুনর্নবীকরণ করার প্যাকেট লাভ করবেন। এই চিঠি/প্যাকেট আপনাকে আপনার কভারেজ পুনর্নবীকরণ করতে কী করতে হবে এবং প্রতিক্রিয়া জানানোর জন্য আপনার কাছে কত সময় আছে তা জানাবে। অবিলম্বে নির্দেশাবলী অনুসরণ করুন।

যাতে এই গুরুত্বপূর্ণ চিঠিটা আপনার হাতছাড়া না হয় সেইজন্য আপনার ঠিকানা এবং যোগাযোগের তথ্য আপ টু ডেট করতে ভুলবেন না। আপনার ঠিকানা এবং যোগাযোগের তথ্য আপডেট করতে, NY State of Health-এ 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) নম্বরে কল করুন অথবা nystateofhealth.ny.gov-এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন। আপনি যদি আপনার কাউন্টির Medicaid অফিসের মাধ্যমে বা নিউইয়র্ক সিটির মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration)-এর মাধ্যমে Medicaid-এ তালিকাভুক্ত হয়ে থাকেন তাহলে আপনার ঠিকানা এবং যোগাযোগের তথ্য আপডেট করতে সেই অফিসে যোগাযোগ করুন।

**আরো তথ্য পান**

- আপনি যদি NY State of Health-এর মাধ্যমে Medicaid, Child Health Plus, বা Essential Plan-এ তালিকাভুক্ত হয়ে থাকেন, তবে আপনার যেকোনো প্রশ্ন থাকলে 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) নম্বরে কল করুন।
- আপনি যদি আপনার কাউন্টির Medicaid অফিসের মাধ্যমে বা নিউইয়র্ক সিটির মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration)-এর মাধ্যমে Medicaid-এ তালিকাভুক্ত হয়ে থাকেন তাহলে আপনার যেকোনো প্রশ্ন থাকলে সেই অফিসে যোগাযোগ করুন।
- আরও জানতে https://info.nystateofhealth.ny.gov/COVID-19-Changes দেখুন। আরও তথ্য উপলভ্য হলে নিউইয়র্ক ক্রমাগত এই ওয়েবপৃষ্ঠাটি আপডেট করবে।